

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০ ১৮

আগরতলা, ১ মার্চ, ২০২৪

৪২তম আগরতলা বইমেলা
দশমদিনে ২০টি নতুন বই প্রকাশিত

হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪২তম আগরতলা বইমেলায় দশমদিনে আজ কবিতা মঞ্চে দু'টি প্রকাশনা সংস্থার ২০টি নতুন বই প্রকাশিত হয়েছে। ঘরানা পাবলিকেশনের ৪টি নতুন বই আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুরত চক্রবর্তী, সাহিত্যিক ড. আশিষ কুমার বৈদ্য, বিশিষ্ট প্রাবন্ধিক পান্নালাল রায়, শিবানী ভট্টাচার্য, সাংবাদিক জ্যোতির্ময় রায়, সাংবাদিক নন্দিতা দত্ত, বিশিষ্ট সংগীত শিল্পী দীপা দাস প্রমুখ। বই প্রকাশ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ঘরানা পাবলিকেশনের কর্ণধার কামনা দেব। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাচিক শিল্পী নন্দিতা ভট্টাচার্য। তাছাড়া তিনকাল পাবলিশার্সের ১৬টি নতুন বই প্রকাশ করা হয়। বইগুলি প্রকাশ করেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের সহকারি অধ্যাপক ড. মলয় দেব, সাংবাদিক সঞ্জীব দেব, সাহিত্যিক শ্যামল ভট্টাচার্য, সাহিত্যিক অনিল কুমার নাথ ও রবীন্দ্র দত্ত প্রমুখ। অনুষ্ঠানে তিনকাল পাবলিশার্সের কর্ণধার বিল্লাল হোসেন বক্তব্য রাখেন। দু'টি বই প্রকাশ অনুষ্ঠানেই অতিথিগণ প্রকাশিত বইগুলি নিয়ে আলোচনা করেন। তাছাড়া এদিন বইমেলায় জ্ঞান বিচিত্রা ও বুক ওয়ার্ল্ডের উদ্যোগে 'বই নিয়ে খোলামেলা' শীর্ষক এক আলোচনাচক্রের আয়োজন করা হয়। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন শ্যামল চক্রবর্তী, অরিন্দম নাথ, বোধরায় দেববর্মা, চন্দন লেখা পাল, পরমাশ্রী দাশগুপ্ত, অলকানন্দা চৌধুরী, কাকলি গঙ্গোপাধ্যায়, বিমলেন্দ্র চক্রবর্তী, মিহিরলাল রায়, উদয়শঙ্কর ভট্টাচার্য, নিলোৎপল সরকার, দেবব্রত দেব, অজিত দেববর্মা, বাঁধন চক্রবর্তী প্রমুখ। বইমেলায় দশমদিনে মহারানী কাঞ্চনপ্রভা স্মৃতি সাংস্কৃতিক মঞ্চে পরিবেশিত হয় শাস্ত্রীয় সংগীত ও পঞ্চকবির গান। তাছাড়া উত্তর-পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের শিল্পীগণ সমবেত নৃত্য, একক সংগীত ও যন্ত্র সংগীতে অংশ নেন।
